

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, এপ্রিল ২২, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ/১৯ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-১২৪।—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯-এর
ধারা ১৯ এর প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা,
২০১০ এর বিধি ৩ এর উপবিধি ২ অনুসারে নিম্নরূপ “নিয়োগ, পদোন্নতি, প্রশাসনিক সংস্কার ও
পুনর্বিন্যাস এবং দক্ষতা উন্নয়ন কমিটি” গঠন করা হলো :

- | | | |
|---|---|------------|
| (১) জনাব মোঃ আনিছুর রহমান, মাননীয় নির্বাচন কমিশনার | - | সভাপতি |
| (২) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - | সদস্য |
| (৩) অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - | সদস্য |
| (৪) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা | - | সদস্য |
| (৫) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা | - | সদস্য |
| (৬) যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - | সদস্য |
| (৭) মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা | - | সদস্য |
| (৮) উপসচিব (জনবল ব্যবস্থাপনা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | - | সদস্য সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যে কোনো কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

কমিটির কার্যপরিধি :

- (ক) নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় বেতন স্কেলের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ
গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়ন;

(৭৭২১)

মূল্য : টাকা ৪.০০

- (খ) নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় বেতন স্কেলের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ গ্রেডের পদের কর্মকর্তাগণের সিলেকশন গ্রেড/উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (গ) নির্বাচন কমিশনের সকল সংযুক্ত দপ্তর ও মাঠ কার্যালয়ের উপরের ক ও খ এ উল্লিখিত গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ/সিলেকশন গ্রেড/উচ্চতর গ্রেড-এর বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (ঘ) কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ প্রদানে স্বচ্ছতা এবং গ্রহণ যোগ্যতা প্রতিষ্ঠার পরামর্শ প্রদান;
- (ঙ) নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট আধুনিকায়ন এবং সংস্কারকরণে সুপারিশ প্রণয়ন;
- (চ) নির্বাচনি কর্মকর্তা ও নির্বাচন কমিশনের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ মডিউল, প্রশিক্ষক নির্বাচন সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- (ছ) প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ বিষয়ক সুপারিশ প্রণয়ন;
- (জ) নির্বাচন কমিশনের বর্তমান সাংগঠনিক কাঠামো পর্যালোচনা ও প্রয়োজনীয় সংস্কারের সুপারিশ; এবং
- (ঝ) দুর্নীতি প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে সুপারিশ প্রণয়ন।

০২। জনবল ব্যবস্থাপনা অধিশাখা নির্বাচন কমিশনের উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৩। উল্লেখ্য, ৩১ মার্চ ২০২২ খ্রি. তারিখের ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-১০৫ নং প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

মোহাম্মদ এনামুল হক

উপসচিব (সংস্থাপন)।